গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা- ১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং- ৫১.০০.০০০০.২১১.১৮.০৪৮.১৯.(অংশ-১).০১ তারিখঃ ০৩-০১-২০২১ খ্রিঃ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ঘোষিত 'মুজিববর্ষ'- এ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় কর্তৃক গৃহিত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতিঃ

| ক্র: নং | কার্যক্রম | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১ | মুজিববর্ষ ২০২০ উপলক্ষ্যে মুজিব কর্ণার নির্মাণ। | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ১০ম তলায় মুজিব কর্ণার স্থাপন করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় গত ২৬.১১.২০২০ তারিখে মুজিব কর্ণার উদ্বোধন করেছেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আত্মজীবনীমূলক গ্রন্থসহ তাঁর কর্ম ও মুক্তিযুদ্ধ বিষয়ক বিভিন্ন বই সংগ্রহ করে মুজিব কর্ণারে রাখা হয়েছে। |
| ০২ | "বঙ্গবন্ধুর জীবন এবং দুর্যোগ ঝুঁকি হ্রাসে বঙ্গবন্ধু" শিরোনামে দিনব্যাপী আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা; | ১৯৭০ সালে বঙ্গবন্ধুর ত্রাণ বিতরন সহ অন্যান্য মানবিক কার্যক্রমের বিষয়ে ৮ টি আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। যেহেতু মুজিব বর্ষ আগামি ১৬ ডিসেম্বের ২০২১ পর্যন্ত বাড়ানো হয়েছে এ বিষয়ে আরো কর্মসুচি গ্রহন করা সম্ভব হবে। |
| ০৩ | গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া , কোটালিপাড়া ও অনান্য উপজেলায় প্রয়োজন অনুযায়ী মাটির রাস্তা, ব্রীজ, হেরিং বোন বন্ড রাস্তা, বন্যা আশ্রয় কেন্দ্র ও মুজিব কিল্লা নির্মাণ করা; | ২০১৯-২০২০ অর্থ বছরে জাতির পিতার জন্মস্থান গোপালগঞ্জে ৯৭ টি ব্রিজ/ কালভার্ট নির্মাণ করা হয়েছে। টঙ্গিপাড়া ১ টি, সদরে ১টি, ও কাশয়ানী ১টি মুজিব কিল্লা নির্মাণের জন্য টেন্ডার আহবান করা হয়েছে। টুংগীপাড়ায় ০৩টি ও কোটালীপাড়ায় ৩টি বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ কাজ চলমান। ২০১৯-২০২০ অর্থবছরে টুংগীপাড়ায় ১০৭ টি মাটির রাস্তা সংস্কার এবং কোটালীপাড়ায় ১৯৪ টি মাটির রাস্তা সংস্কার করা হয়েছে। |
| ০৪ | সারা দেশে প্রান্তিক জনগোষ্ঠীর জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ৫০ হাজার দুর্যোগ সহনীয় গৃহ উদ্বোধন করা; | চলতি ২০২০-২১ অর্থ বছরে মুজিব শতবর্ষে 'ভূমিহীন ও গৃহহীন' পরিবার পুনর্বাসনে পরিবার প্রতি ২ শতাংশ খাস জমি বন্দোবস্তপূর্বক আশ্রায়ণ-২ প্রকল্প, দুর্যোগ ব্যবসথাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয়ের গুচ্ছগ্রাম-২য় পর্যায় প্রকল্প (CVRP) কর্তৃক সমন্বিতভাবে ৫৯,৮০৩ টি পরিবার পুনর্বাসনে ৫৯,৮০৩ টি দুর্যোগ সহনীয় গৃহ নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। । আশ্রয়ণ-২ প্রকল্প কর্তৃক প্রতিটি গৃহের নির্মাণ ব্যয় ১,৭১,০০০/- টাকা নির্ধারণ করা হয়। উক্ত কর্মসূচীর আওতায় নির্মিতব্য ৫৯,৮০৩ টি গৃহের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে পর্যায়ক্রমে মোট (২০,৩৭৩ +১১,৮২৭ +৩,৩৯৩ +২,৫৩০) ৩৮,১২৩ টি গৃহ নির্মাণ ও আনুষাংগিক বাবদ সর্বমোট ৬৬৬,৪৯,৮০,০০০/- টাকা বরাদ্দ/ ছাড় করা হয়। চলতি অর্থ বছরে এ মন্ত্রণালয় হতে দুর্যোগ সহনীয় গৃহ নির্মাণের জন্য সর্বমোট ১১০০ (এক হাজার একশত) কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে।<br>প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক তালিকা চুড়ান্ত করণ শেষে চাহিদা পাওয়া গেলে এ খাতের অবশিষ্ট টাকায় আরও প্রায় ২৫ হাজার গৃহ নির্মাণ করা সম্ভব হবে। সে হিসেবে মুজিব বর্ষ উপলক্ষ্যে 'ভূমিহীন ও গৃহহীন' পরিবার পুনর্বাসনে চলতি অর্থ বছরে ৫০ হাজারের অধিক দুর্যোগ সহনীয় গৃহ নির্মাণ কাজ সম্পন্ন করা যাবে। |
| ০৫ | সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী "আমার গ্রাম-আমার শহর"কর্মসুচির আওতায় গ্রাম এলাকায় ৫০০০ টি ব্রীজ তৈরী ও ৩০০০ | বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী "আমার গ্রাম-আমার শহর" এর আওতায় গ্রাম এলাকায় ৩০ নভেম্বর ২০২০ এর মধ্যে ৪৩৫০ টি ব্রীজ নির্মাণ করা হয়েছে এবং ২৬৪০.০০ কিঃমিঃ এইচবিবি রাস্তা নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। |

| | | |
|---|---|---|
| | কি: মি: এইচবিবি রাস্তা উদ্বোধন করা; | |
| ০৬ | দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট জাতির পিতার বিভিন্ন ছবি ও প্রামাণ্য চিত্র সমন্বয়ে ডকুমেন্টারি Video প্রস্তুত করা; | ডকুমেন্টারি Video প্রস্তুতের লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশনের সাথে সংশ্লিষ্ট জনাব কাজল আবদুল্লাহকে দায়িত্ব দেওয়া হয়েছে। ইতোমধ্যে ৫ মিনিটের একটি ডকুমেন্টারি Video স্ক্রিপ্ট তৈরি করা হয়েছে। খসড়া Video অনুমোদিত হলে দ্রুত চূড়ান্ত করা হবে। আগামী ১০ মার্চ ২০২১ তারিখে 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস' এ ভিডিওটি প্রকাশ ও প্রচার করা হবে। |
| ০৭ | ৫০ টি মুজিব কিল্লার নির্মাণ কাজ শুরু করা; | বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে ৫০ টি মুজিব কিল্লার নির্মাণ কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। আগামী ১০ মার্চ দুর্যোগ প্রস্তুতি দিবসে ৫ টি মুজিব কিল্লা শুভ উদ্বোধন করা হবে। |
| ০৮ | বঙ্গবন্ধু অংশগ্রহণ করেছেন এমন ত্রাণ বিতরণ কার্যক্রম, দুর্যোগ ব্যবস্থাপনা এবং দুর্যোগ ঝুঁকি হ্রাস বিষয়ক কার্যক্রমের ছবি সম্বলিত একটি স্মারক গ্রন্থ প্রকাশ করা; | এ বিষয়ে ২ টি সভা হয়েছে। দেশের খ্যাতিমান ও প্রথিতযশা লেখকগণের নিকট হতে লেখা সংগ্রহের কাজ চলছে। ইতোমধ্যে ড. মুনতাসীর মামুনের লেখা পাওয়া গেছে। মাননীয় প্রধানমন্ত্রী, শেখ রেহানা ও সায়মা ওয়াজেদ হোসেন এঁর প্রবন্ধ সংগ্রহের নিমিত্ত যোগাযোগ করা হচ্ছে। বঙ্গবন্ধু কর্তৃক ত্রাণ বিতরণ ও ঝুঁকিহ্রাসসহ বিভিন্ন কর্মকান্ডের উপর ৩০০টি ছবি সংগ্রহ করা হয়েছে। এ মাসেই স্মারকগ্রন্থটি চূড়ান্তভাবে প্রকাশ করা হবে। |
| ০৯ | মুজিব শতবর্ষ লেখা পোস্টার/ কলম/ গেঞ্জি/ ক্যাপ/ নোটপ্যাড/ কোটপিন/ ব্যানার/বিলবোর্ড /টিভিসি বোর্ড/ স্টিকার ইত্যাদি তৈরি এবং বিতরণ করা; | বিলবোর্ড, টিভিসি বোর্ড, ইতোপূর্বে তৈরি করে টানানো হয়েছে। পোষ্টার, স্টিকার, কলম, গেঞ্জি ও ক্যাপ তৈরি করা হয় নি। কোটপীন ও নোটপ্যাড তৈরি চলমান রয়েছে। অবশিষ্ট কাজ এ মাসের মধ্যেই সমাপ্ত হবে। |
| ১০ | অতিদরিদ্র জনগোষ্ঠীকে শীতবস্ত্র প্রদান; | স্থানীয়ভাবে কম্বল/ শীতবস্ত্র ক্রয়পূর্বক বিতরণের জন্য ২০২০-২০২১ অর্থবছরে ডিসেম্বর ২০২০ পর্যন্ত ৩৯,০৩,৫০,০০০/- টাকা জেলা প্রশাসকগনের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে। এ কার্যক্রম চলমান রয়েছে। মুজিব বর্ষের মধ্যেই ১৬ লক্ষ পরিবারের মধ্যে কম্বল বিতরণ সম্ভব হবে। |
| ১১ | সারাদেশে অতিদরিদ্র ৫০,০০০ (পঞ্চাশ হাজার) গৃহহীন পরিবারকে ২ (দুই) বান্ডিল ঢেউটিন ও নগদ টাকা প্রদান করা; | ১৭ মার্চ ২০২০ থেকে এ পর্যন্ত ৩৩,৫৯৫ বান্ডিল ঢেউটিন বরাদ্দ প্রদান করা হয়েছে এবং বান্ডিল প্রতি ৩০০০/- টাকা হারে গৃহ নির্মান মঞ্জুরি দেওয়া হয়েছে। পর্যায়ক্রমে আরও টাকা ও ঢেউটিন বরাদ্দ দেওয়া হবে। মুজিব বর্ষ উপলক্ষ্যে ৫০,০০০ পরিবারকে ঢেউটিন ও টাকা বরাদ্দ করা সম্ভব হবে। |
| ১২ | অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) প্রকল্পের অধীনে সারাদেশের ৯,৬৭,০০০ (নয় লক্ষ সাতষট্টি হাজার) শ্রমিককে 'পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর' কর্মসূচীর আওতায় সংশ্লিষ্ট এলাকায় রাস্তা/ ড্রেন/ রেভিনিউ ডাক বহির্ভূত বাজার, ঝোপ-ঝাড় ইত্যাদি পরিচ্ছন্ন করার কার্যক্রম গ্রহণ করা; | অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী (ইজিপিপি) এর আওতায় সারাদেশে ৯,৬৭,০০০ শ্রমিককে 'পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর' কর্মসূচীর আওতায় সংশ্লিষ্ট এলাকায় রাস্তা/ ড্রেন/ রেভিনিউ ডাক বহির্ভূত বাজার, ঝোপ- ঝাড় ইত্যাদি পরিচ্ছন্ন করা হয়েছে এবং শ্রমিক মজুরি, সর্দার মজুরি ও নন-ওয়েজ কস্ট বাবদ ১ম পর্যায়ে ৪০ দিনের কর্মসূচীতে ৮২৮ কোটি টাকা ছাড় করা হয়েছে এবং ২য় পর্যায়ে ৪০ দিনের কর্মসূচীতে ৮২১ কোটি টাকা ছাড় করা হবে। দুই পর্যায়ে মোট ৮০ দিনের কর্মসূচি বাবদ ১৬৫০ কোটি টাকার কার্যক্রম চলমান রয়েছে। |
| ১৩ | বন্যা ও ঘূর্ণিঝড় দুর্গত এলাকা থেকে জনগণ ও প্রাণী সম্পদ উদ্ধার, নিরাপদ আশ্রয়ে নেয়া ও ত্রাণ বিতরণের জন্য ২০ (বিশ) টি Multi Purpose Rescue Boat নির্মাণের জন্য বাংলাদেশ নৌবাহিনীকে দায়িত্ব প্রদান করা; | গত ২১-০৭-২০২০ তারিখে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, সোনাকান্দা, বন্দর, নারায়নগঞ্জ এর সাথে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রতিবছর ২০ টি করে সর্ব মোট ৬০ (ষাট) টি Multi Purpose Rescue Boat ক্রয়ের চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। ইতোমধ্যে ৫.৪০ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। |
| ১৪ | ১০ মার্চ জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস ২০২১ এর মূল অনুষ্ঠানে সাইক্লোন প্রিপেয়ার্ডনেস প্রোগ্রাম (সিপিপি) সাংস্কৃতিক ইউনিট কর্তৃক পরিচালিত 'বঙ্গবন্ধু ও দুর্যোগ ঝুঁকিহ্রাস' শিরোনামে বিশেষ পালাগান অনুষ্ঠানের | সিপিপি'র নিজস্ব সাংস্কৃতিক ইউনিটের মাধ্যমে 'বঙ্গবন্ধু ও দুর্যোগ ঝুঁকিহ্রাস' শিরোনামে পালাগানের স্ক্রিপ্ট তৈরী চূড়ান্ত করে আগামী ১০ মার্চ ২০২১ দুর্যোগ প্রস্তুতি দিবসে এটি পরিবেশন করা হবে। |

| | | |
|---|---|---|
| | আয়োজন করা। | |
| ১৫ | ৫০ টি জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্যকেন্দ্র উদ্বোধন | মুজিববর্ষ ২০২০ উপলক্ষ্যে "জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্যকেন্দ্র নির্মাণ"- শীর্ষক প্রকল্পের আওতায় জেলা পর্যায়ে নির্মানাধীন ৩০ টি ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্যকেন্দ্র ১০ মার্চ ২০২১ তারিখে উদ্বোধন করা হবে। মুজিব বর্ষে সর্বোমোট ৫০ টি ত্রাণ গুদাম নির্মাণ সম্পন্ন করা হবে। |
| ১৬ | ৩০ টি বন্যা আশ্রয়কেন্দ্র উদ্বোধন | "বন্যা প্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের আওতায় ৩০ টি বন্যা আশ্রয়কেন্দ্র ১০ মার্চ ২০২১ তারিখে উদ্বোধন করা হবে। |
| ১৭ | ২০০ টি বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র উদ্বোধন | "বাংলাদেশের উপকূলীয় এলাকায় বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়)"-শীর্ষক প্রকল্পের আওতায় ইতোপূর্বে ১০০টি বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে। আরোও ১০০টি বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র মুজিববর্ষ উপলক্ষ্যে ১০ মার্চ ২০২১ তারিখে উদ্বোধন করা হবে। |

৬।১।২০২১

(মোমেনা খাতুন)
যুগ্মসচিব
ও
সদস্য সচিব
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন কমিটি
ফোনঃ ৯৫৮০৫৫৭
ই-মেইলঃ momena5628@gmail.com